১৯৭৭ সনের ২২শে অক্টোবর বেলা ৯ ঘটিকায় সেনানিবাস পর্ষদ সভার গৃহীত প্রস্তাবাবলী

| | | | |
|---|---|---|---|
| ১। | কর্ণেল মাহমুদুল হাসান, স্টেশন কমান্ডার (আর্মি), ঢাকা সেনানিবাস। | সভাপতি | উপস্থিত। |
| ২। | কর্ণেল এ এম খান, এম ই এম ও, সি এম এইচ, ঢাকা সেনানিবাস। | সদস্য | ,, |
| ৩। | উইং কমান্ডার আজহারুল হক, ও,সি (এ্যাডমিন উইং), বাংলাদেশ বিমান বাহিনী, বেস্ বাশার, ঢাকা সেনানিবাস। | সদস্য | অনুপস্থিত। |
| ৪। | লেঃ কর্ণেল মানসুর আফজাল, সি এম ই এস (আর্মি), ঢাকা সেনানিবাস। | সদস্য | উপস্থিত। |
| ৫। | কমান্ডার এম এম ইসলাম, কমান্ডিং অফিসার, বি এন এস হাজী মোহসীন, ঢাকা সেনানিবাস। | সদস্য | অনুপস্থিত। |
| ৬। | অবসর প্রাপ্ত মেজর এ সি দেব, ঢাকা সেনানিবাস। | সদস্য | উপস্থিত। |
| ৭। | অবসর প্রাপ্ত মেজর এম এ বাসেত, ঢাকা সেনানিবাস। | সদস্য | ,, |
| ৮। | জনাব কিউ জি শাউস, ৭৯, সেনানিবাস আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস। | সদস্য | ,, |
| ৯। | জনাব এ বি চৌধুরী, সেনানিবাস প্রশাসক, ঢাকা সেনানিবাস। | সচিব, | উপস্থিত। |

১। গত মাসের আলোচ্য সূচী পর্য্যালোচনা করা।

গত ১০ই সেপ্টেম্বর ১৯৭৭ তারিখের ১০ ঘটিকায় সেনানিবাস পর্ষদে অনুষ্ঠিত গৃহীত প্রস্তাবাবলীর উপর যে কার্য্যকরী ব্যবস্থা গ্রহন করা হয়েছে তাহা অবগত হওয়া।

গৃহীত প্রস্তাব :১ অবগত হওয়া গেল। নিম্ন বর্ণিত বিষয়গুলি সম্পর্কে কার্যকরী ব্যবস্থা গ্রহন করা হউক :-

(ক) নুতন কাঁচা বাজারে ৫টি প্রস্রাব খানা ও ৫টি পায়খানা, মলশোধনাগার তৈরী এবং এম ই এস এর পানির লাইন সংযোগসহ নকসা ও মুল্যানুমান আগামী সভায় উপস্থাপন করা হউক।

(খ) 'ব্রডওয়ের মালিক কর্তৃক পায়খানা ও প্রস্রাব খানার যে নকসা দাখিল করেন তাহা অনুমোদন করা গেল। আগামী ৩০শে নভেম্বরের '৭৭ মধ্যে ৩টি প্রস্রাব খানা ২টি পায়খানার কাজ সমাপ্ত করিতে হইবে অন্যথায় ব্রডওয়ের মালিকের দায়িত্বে ও খরচে বোর্ড উক্ত কাজ সমাধ্য করিবেন।

২।　　　　মাসিক আয়, ব্যয়, ও বকেয়া পাওনা ।

এপ্রিল, মে, জুন, জুলাই ও আগষ্ট ১৯৭৭ মাসের আয়, ব্যয় ও বকেয়া পাওনার হিসাব অবগত হওয়া ।

গৃহীত প্রস্তাব :- অবগত হওয়া গেল ।

৩।　　　　মাসিক স্বাস্থ্য সম্পর্কীয় বিবরণ

জুলাই ও আগষ্ট ( ১৯৭৭ ) মাসের স্বাস্থ্য সম্পর্কীয় বিবরণ অবগত হওয়া ।

গৃহীত প্রস্তাব :- অবহিত হওয়া গেল। এস এইচ ও'র নির্দেশ অনুযায়ী কার্যকরী ব্যবস্থা গ্রহন করা হউক ।

৪।　　　　ইব্রাহিমপুরস্থ প্রাথমিক বিদ্যালয়ের যাতায়াত রাস্তার উন্নয়ন

প্রসংগ : গত ৬-৮-৭৭ তারিখের ৩ নং গৃহীত প্রস্তাব ও ১০-৯-৭৭ তারিখের ৫ নং গৃহীত প্রস্তাব উল্লেখ্য ।

সেনানিবাস বর্দ্ধিত এলাকার ইব্রাহিমপুরস্থ প্রাথমিক বিদ্যালয়ের যাতায়াত রাস্তার উন্নয়ন কল্পে বিস্তারিত বিবরণ সহ এসস্টিমেট বিবেচনা করার জন্য উপস্থাপন করা গেল ।

গৃহীত প্রস্তাব :- এই রাস্তার উন্নয়ন কল্পে ২৪,০০০.০০ টাকা অনুমোদন করা গেল। কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কাজটি সত্বর সমাধা করা হউক ।

৫।　　　　সেনানিবাস জেনারেল হাসপাতাল

প্রসংগ : গত ৬-৮-৭৭ তারিখের ৭ নং গৃহীত প্রস্তাব ও ১০-৯-৭৭ তারিখের ৭ নং গৃহীত প্রস্তাব উল্লেখ্য ।

সেনানিবাস জেনারেল হাসপাতালের সিনিয়র মেডিক্যাল অফিসারের ২-৭-৭৭ তারিখের পত্রে বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে বিস্তারিত বিবরণ সহ বিবেচনা করার জন্য পেশ করা গেল ।

গৃহীত প্রস্তাব :- ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের বিষয়গুলি পর্যালোচনা করার পর নিম্নলিখিত সিদ্ধান্ত নেওয়া গেল :-

(১) বহিরাগত রোগীদের টিকেট বাবদ ·২০ পয়সার পরিবর্তে প্রতি টিকেট ·৫০ পয়সা ধার্য্য করা হউক ।

একান্ত গরীবদের বেলায় বিনা ফিতে ঔষধ দেওয়ার অধিকার মেডিক্যাল অফিসারকে দেওয়া গেল ।

(২) ল্যাবেরেটরীর ফি = যাহাদের মাসিক আয় ৩০০/= টাকার উপরে তাহাদের বেলায় ল্যাবরেটরী চার্জ নিম্নরূপ ধার্য্য করা গেল ।

| | |
|---|---|
| মল পরীক্ষা ফি বাবদ - - - - - | ৫/= টাকা |
| মুত্র পরীক্ষা ফি বাবদ - - - - - - | ৫/= টাকা |
| ইউরেথ্রাল স্মেয়ার বাবদ - - - - - - | ৫/= টাকা |
| স্পেটাম পরীক্ষা বাবদ - - - - - - | ৫/= টাকা |
| রক্ত পরীক্ষা ফি বাবদ - - - - - - | ১০/= টাকা |
| ই এস আর এম পি এবং এইচ বি ফি বাবদ - - | ৫/= টাকা |
| বাইও-ক্যামিকেল টেষ্ট ফি বাবদ (প্রতিবার)-- | ১৫/= টাকা |

(৩) ভিতরের রোগীদের নিম্নরূপ চার্জ আদায় করা হউক : -

প্রত্যেক রোগীদের নিকট থেকে ভর্তি ফি ছাড়া দৈনিক খাদ্য বাবদ ৩/৫০ টাকা আদায় করা হউক ।

(৪) নন-এনটাইট্যাল রোগীদের জন্য নিম্নরূপ : -

| | |
|---|---|
| রোগীদের সিট ভাড়া বাবদ দৈনিক - - | ১৫/= টাকা |
| প্রশাসনিক চার্জ বাবদ - - - - - - | ৭ % |

যোগ্য ব্যক্তিদের নিকট থেকে সাহায্য আদায় ।

| | |
|---|---|
| মেডিক্যাল অফিসারের ফি বাবদ দৈনিক - | ১০/= টাকা |
| ষ্টাফদের ফি বাবদ দৈনিক - - - - | ৫/= টাকা |

হাসপাতালের ল্যাবরেটরীর চার্জ উপরে বর্ণিত মতে আদায় করা ।

(৫) হাসপাতালের সাহায্য হাসপাতাল ফান্ডে জমা করা এবং মেডিক্যাল অফিসারের ফি ও ষ্টাফদের ফি বাদে অন্যান্য চার্জ ক্যান্টনমেন্ট বোর্ড ফান্ডে জমা করা হউক ।

(৬) 'সিনিয়র মেডিক্যাল অফিসারের' পদবীর পরিবর্তে চীফ্ মেডিক্যাল অফিসার পদবীতে নামানুরে ঊর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সিদ্ধান্ত লওয়া গেল ।

সুপার মার্কেট নির্মাণের নকসা
--------------------

গত ৬-৮-৭৭ তারিখের ১২ নং গৃহীত প্রস্তাব এবং ১০-৯-৭৭ তারিখের ১০ নং গৃহীত প্রস্তাব উল্লেখ্য ।

অত্র সেনানিবাস এলাকার কচুক্ষেত নতুন বাজারে সুপার মার্কেট নির্মাণের নিমিত্তে নকসা ও মূল্যানুমান বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব : - সুপার মার্কেটের সম্পূর্ণ পরিকল্পনাটি নকসা অনুযায়ী অনুমোদন করা গেল । বর্তমানে প্রথম দফায় মনোহারী ও মুদির দোকানের ব্লকটি ও কাঁচা বাজারের একটি ব্লক সংযোজিত ৭,৯৩,৫০০/= টাকার মূল্যানুমান অনুযায়ী নির্ম্মাণ কাজ সম্পন্ন করা হউক ।

এই কাজ সম্পাদনে বোর্ডের তহবিলে সরকারী অনুদান ২,৫০,০০০/= টাকা ছাড়াও সোনালী ব্যাংক, ঢাকা সেনানিবাস হইতে আরও ৫,০০,০০০/= টাকা ঋণ লওয়ার ব্যবস্থা করা হউক ।

৭। সেনানিবাস এলাকার সৌন্দর্য্য বর্দ্ধন
--------------------

গত ১০-৯-৭৭ তারিখের ১৪ নং গৃহীত প্রস্তাব উল্লেখ্য ।

সেনানিবাস এর সৌন্দর্য্য বর্দ্ধন কল্পে আদমজী কলেজের সম্মুখে ট্রাফিক আয়ারল্যান্ড ও ফোয়ারার নকসা এবং মূল্যানুমান বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব : - বর্তমানাবস্থায় পার্কটিকে সবুজ ঘাস এবং ফুলের গাছ দ্বারা সৌন্দর্য্য বর্দ্ধন করা হউক ।

৮। কবরস্থানের উন্নতি সাধন
--------------------

গত ১০-৯-৭৭ তারিখের ১৬ নং গৃহীত প্রস্তাব উল্লেখ্য ।

অত্র সেনানিবাস পর্ষদের নিয়ন্ত্রনাধীন কবরস্থানের রাস্তা, বৈদ্যুতিক বাতি ও অন্যান্য উন্নয়ন মূলক কাজের নকসা ও মূল্যানুমান বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব : - কবরস্থানের উন্নতি কল্পে রাস্তা, বাতি ও অন্যান্য কাজে নকসা ও ৩৫,০০০/=টাকা -র মূল্যানুমান অনুমোদন করা গেল ।

... কাজ বাবদ ২,৩৮,০০০/=

৯। সেনানিবাস আবাসিক এলাকার ৬০-বি জমির মালিকের আবেদন বিবেচনা করা ।

সেনানিবাস আবাসিক এলাকার ৬০-বি প্লটের অন্যতম মালিক জনাব হারুন-রশিদ এর ৫-৯-৭৫ তারিখের আবেদনে বর্ণিত চারতলা ফ্লাট বাড়ী তৈয়ারীর বিষয়ে বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব :- জেনারেল আইরন এন্ড ষ্টিল কোং এর পরিচালকবৃন্দ কর্তৃক সিদ্ধান্ত গ্রহন করিয়া উক্ত সিদ্ধান্ত সহ অত্র পরিষদে বিবেচনার জন্য উপস্থাপন করা হউক ।

১০। মুসলিম মডার্ণ একাডেমীর নির্মাণ কাজ

সেনানিবাস পর্ষদের নিয়ন্ত্রনাধীন পরিচালিত মুসলিম মডার্ণ একাডেমীর অবশিষ্ট নির্মাণ কাজ সমাধা করার জন্য মূল্যানুমান বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব :- বিবেচনা করা গেল । এই বিষয়ে নিম্নবর্ণিত অসমাপ্ত কাজের নকসা ও মূল্যানুমান অনুমোদন করা গেল : -

(১) নির্ম্মাণ কাজ - - - বাবদ ১,২৮,০০০/= টাকা ।

(২) বৈদ্যুতিক কাজ - - - - বাবদ ৩৩,০০০/= টাকা ।

১১। অফিস মাইক্রোবাস

অফিস মাইক্রোবাস নিলাম করার বিষয় বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব :- বাসটি সেনানিবাস জেনারেল হাসপাতালে এমবুলেন্স হিসাবে ব্যবহার করার জন্য প্রয়োজনীয় পরিবর্তন ও মেরামত করা হউক ।

১২। শহীদ আনোয়ার বালিকা বিদ্যালয়ের সম্প্রসারন

শহীদ আনোয়ার বালিকা বিদ্যালয়ের একটি লাইব্রেরী কক্ষ, শিক্ষকদের কক্ষ ও বারান্দা নির্মানের বিষয়টি বিবেচনার জন্য পেশ করা গেল ।

গৃহীত প্রস্তাব : - শহীদ আনোয়ার বালিকা বিদ্যালয়ের সম্প্রসারনের জন্য নিম্নলিখিত কাজের অনুমোদন দেওয়া গেল : -

(১) লাইব্রেরী কক্ষ, শিক্ষিকাদের কক্ষ ও বারান্দা নির্ম্মাণ কাজ বাবদ ২,৩৮,০০০/=

১৩। সেনানিবাস আবাসিক এলাকার জমি পুর্ন-দখল

ক্যান্টনমেন্ট বাজার এলাকার জমি পুনর্দখল করার জন্য সামরিক ভূমি ও সেনানিবাস প্রশাসন পরিদপ্তরের ১২-৮-৭৫ তারিখের ৭/এম এল এন্ড সি/ঢাকা/৫৭/৩৯ নং পত্র বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব :- বর্তমানে স্থগিত রাখা গেল ।

১৪। আদমজী কলেজের জন্য জমি বরাদ্দ

ক্যান্টনমেন্ট আদমজী কলেজের জন্য সরকার কর্তৃক বরাদ্দকৃত জমি সীমানা নির্ধারন করে জমি হস্তান্তর করার বিষয় বিবেচনা করা ।

গৃহীত প্রস্তাব :- সীমানা নির্দ্ধারন করতঃ জমি হস্তান্তর করা হউক ।

( এ বি চৌধুরী )
সচিব,
সেনানিবাস পর্ষদ, ঢাকা সেনানিবাস ।
তারিখ : ২২-১০-৭৭ ইং ।

( কর্ণেল মাহমুদল হাসান )
সভাপতি,
সেনানিবাস পর্ষদ, ঢাকা সেনানিবাস ।
তারিখ : ২২-১০-৭৭ ইং ।